



## সামছুন্নাহার বেগম

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
জাতীয় সঞ্চয় অধিদপ্তর  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ,  
অর্থ মন্ত্রণালয়।

উপানুষ্ঠানিক পত্র নং-০১(৮)  
শ্রীমতী বিবেকীয়া কমিশনার

তারিখঃ ২৫ শেখ ১৪২৬ বঙ্গাব্দ।  
২ জানুয়ারী ২০২০ খ্রিস্টাব্দ।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তর অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একটি অধিদপ্তর। মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ খ্রিষ্টাব্দে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগে “জাতীয় সঞ্চয় পরিদপ্তর” প্রতিষ্ঠা লাভ করে। দীর্ঘ ৪২ বছর পর ফেব্রুয়ারি ২০১৪ খ্রিষ্টাব্দে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে জাতীয় সঞ্চয় পরিদপ্তর অধিদপ্তর-এ উন্নীত হয়। জাতীয় সঞ্চয় অধিদপ্তর দেশের অর্থনীতিতে ও সামাজিক নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জাতীয় সঞ্চয় স্কিমসমূহের মাধ্যমে আহরণ করে জাতীয় বাজেটে ঘাটতি পূরণ, বৈদেশিক নির্ভরতা হ্রাস ও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে এ অধিদপ্তর।

০২। মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে অন্যান্য কার্যাবলীর পাশাপাশি স্বল্প আয়ের সাধারণ মানুষকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে দ্রুততম সময়ের মধ্যে নির্ভুলভাবে গ্রাহক সেবা কাঙ্ক্ষিত পর্যায়ে নিয়ে যেতেই জাতীয় সঞ্চয় অধিদপ্তর আগামী ১৮ জানুয়ারী ২০২০ খ্রি: হতে ২৪ জানুয়ারী ২০২০ খ্রি: পর্যন্ত ‘সঞ্চয় সপ্তাহ-২০২০’ পালনের সিদ্ধান্ত নিয়েছে। অপচয় না করে সঞ্চয় কর, সমাজ ও দেশকে সমৃদ্ধ কর এ মূল প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে এবারের সঞ্চয় সপ্তাহ উদযাপিত হবে। মাঠ প্রশাসনের প্রধান নির্বাহী এবং সমন্বয়ক হিসেবে ‘সঞ্চয় সপ্তাহ-২০২০’ উদযাপনে আপনার সহযোগিতা কামনা করছি। এ বিষয়ে বিভাগীয় পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত উপপরিচালক আপনার সাথে সঞ্চয় সপ্তাহের কর্মসূচী পালনে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন। আশা করি প্রতি বছরের ন্যায় এ বছরও আপনার সার্বিক সহযোগিতা পাবো।

০৩। আপনার যোগ্য ও গতিশীল নেতৃত্বে বিভাগের অন্যান্য কর্মকান্ডের ন্যায় “সঞ্চয় সপ্তাহ-২০২০” সফলভাবে উদযাপিত হবে এ প্রত্যাশা রাখছি। পরিশেষে আপনার ও আপনার অন্যান্য সহকর্মীদের জন্য শুভ কামনা রইল।

আন্তরিকভাবে আপনার

শ্রীমতী বিবেকীয়া,

  
০২/০১/২০২০  
সামছুন্নাহার বেগম

বিভাগীয় কমিশনার (২কন)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



## সামছুনাহার বেগম

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
জাতীয় সঞ্চয় অধিদপ্তর  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ,  
অর্থ মন্ত্রণালয়।

উপানুষ্ঠানিক পত্র নং-০২(৬৪)

তারিখঃ ২৫ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ।  
০৯ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ।

### ক্রিয় জোনা প্রকাশক

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তর অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একটি অধিদপ্তর। মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ খ্রিষ্টাব্দে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগে “জাতীয় সঞ্চয় পরিদপ্তর” প্রতিষ্ঠা লাভ করে। দীর্ঘ ৪২ বছর পর ফেব্রুয়ারী ২০১৪ খ্রিষ্টাব্দে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে জাতীয় সঞ্চয় পরিদপ্তর অধিদপ্তর-এ উন্নীত হয়। জাতীয় সঞ্চয় অধিদপ্তর দেশের অর্থনীতিতে ও সামাজিক নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জাতীয় সঞ্চয় ফ্রিসমূহের মাধ্যমে আহরণ করে জাতীয় বাজেটে ঘাটতি পূরণ, বৈদেশিক নির্ভরতা হ্রাস ও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে এ অধিদপ্তর।

০২। মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে অন্যান্য কার্যাবলীর পাশাপাশি স্বল্প আয়ের সাধারণ মানুষকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে দ্রুততম সময়ের মধ্যে নির্ভুলভাবে গ্রাহক সেবা কাঙ্ক্ষিত পর্যায়ে নিয়ে যেতেই জাতীয় সঞ্চয় অধিদপ্তর আগামী ১৮ জানুয়ারী ২০২০ খ্রি: হতে ২৪ জানুয়ারী ২০২০ খ্রি: পর্যন্ত ‘সঞ্চয় সপ্তাহ-২০২০’ পালনের সিদ্ধান্ত নিয়েছে। অপচয় না করে সঞ্চয় কর, সমাজ ও দেশকে সমৃদ্ধ কর এ মূল প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে এবারের সঞ্চয় সপ্তাহ উদযাপিত হবে। মাঠ প্রশাসনের প্রধান নির্বাহী এবং সমন্বয়ক হিসেবে ‘সঞ্চয় সপ্তাহ-২০২০’ উদযাপনে আপনার সহযোগিতা কামনা করছি। এ বিষয়ে জেলা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার আপনার সাথে সঞ্চয় সপ্তাহের কর্মসূচী পালনে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন। আশা করি প্রতি বছরের ন্যায় এ বছরও আপনার সার্বিক সহযোগিতা পাবো।

০৩। আপনার যোগ্য ও গতিশীল নেতৃত্বে জেলার অন্যান্য কর্মকর্তাদের ন্যায় “সঞ্চয় সপ্তাহ-২০২০” সফলভাবে উদযাপিত হবে বলে প্রত্যাশা রাখছি। পরিশেষে আপনার ও আপনার অন্যান্য সহকর্মীদের জন্য শুভ কামনা রইল।

শুভেচ্ছান্তে ,

আন্তরিকভাবে আপনার

  
০৯/০১/২০২০  
সামছুনাহার বেগম

জেলা প্রশাসক (স্বাক্ষর )

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।